দৈনিক বাংলা

তারিখ ... 14.3.84 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 1 ...

014

# শিক্ষা ও শিক্ষার্থীর স্বার্থে

নারায়ণগঞ্জে ৭০ জন মেধাবী ছাত্রছাত্রীকে বই দান করা হয়েছে বলে যে খবর বেরিয়েছে তা খুবই প্রশংসনীয়। আলোচ্য খবরে বলা হয়েছে নারায়ণগঞ্জের পাইকপাড়াস্থ উত্তরণ সংসদের পক্ষ থেকে গরীব মেধাবী ছাত্রছাত্রীদেরকে সম্প্রতি বিনামূল্যে পাঠ্যপুস্তক ও বৃত্তি প্রদান করা হয়। স্থানীয় বিভিন্ন স্কুলের ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত ৭০ জন ছাত্রছাত্রীকে পুরো এক সেট পাঠ্যপুস্তক বিতরণ এবং ২০ জন ছাত্রছাত্রীকে ইলিয়াস দেওয়ান বৃত্তি প্রদান করা হয়। বৃত্তিপ্রাপ্ত এসব ছাত্রছাত্রী আগামী এক বছর পর্যন্ত স্কুলের লেখাপড়ার যাবতীয় খরচ পাবে।

আমাদের দেশের অধিকাংশ লোক গরীব এবং অর্থনৈতিক সঙ্গতির অভাব শিক্ষা লাভের ক্ষেত্রে একটা বড় অন্তরায়। অন্যান্য ব্যয় বহন তো দূরের কথা, পাঠ্যপুস্তক ক্রয়ের ক্ষমতাও অধিকাংশ অভিভাবক ও শিক্ষার্থীর নেই। বাস্তব কারণেই, মেধাবী হওয়া সত্ত্বেও, অর্থনৈতিক সঙ্গতির অভাবেই অসংখ্য গরীব ছাত্রছাত্রীর পক্ষেই পড়াশোনা চালানো সম্ভব হয় না। সরকারী-বেসরকারী উদ্যোগে এ-ধরনের শিক্ষার্থী-দের ব্যাপকভাবে বৃত্তি দেওয়ার, বইপত্র কেনা ও অন্যান্য খরচ জোগানোর ব্যবস্থা করা গেলে, একটা বড় কাজ হতে পারে। এদিক থেকে নারায়ণগঞ্জের উপরোক্ত সংস্থার উদ্যোগ শুধু প্রয়োজনীয় এবং প্রশংসনীয়ই নয়, অনুপ্রেরণাদায়কও বটে। আমরা আশা করবো, এ-ধরনের মহৎ কাজে সমাজের বিত্ত-শালী অংশ এবং সমাজসেবী সংস্থা আরও অধিক সংখ্যায় এগিয়ে আসবেন।